



# শিক্ষার পরিবেশ বজায় রাখতে সরকার বন্ধপত্রিকরঃ শিক্ষামন্ত্রী

(স্টাফ রিপোর্টার)

শিক্ষামন্ত্রী মহবুবুর রহমান রোববার জাতীয় সংসদকে এ মর্মে নিশ্চয়তা দিয়ে বলেছেন যে সরকার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর পবি-হতা ও শিক্ষার পরিবেশ অক্ষুণ্ণ রাখতে বন্ধপত্রিকরঃ শিক্ষামন্ত্রী

জনাব রহমান বলেন, শিক্ষামন্ত্রণে সন্ত্রাসের কাছে আমরা মাথা নত

করব না বা আপোসও করব না। ঢাকা বিশ্ববিদ্যালয়কে আগামী দিনে অস্থগুত করার দৃঢ় সংকল্পও মন্ত্রী ব্যক্ত করেছেন। ঢাকা কলেজে টেস্ট পরীক্ষাকে কেন্দ্র করে গত ২রা ফেব্রুয়ারীর ঘটনা সম্পর্কে সরকারী দলের সদস্য টি এস গিয়াসউদ্দীনের জরুরী জনগুরুত্বপূর্ণ বিষয়ে অনতি মনোযোগ আকর্ষণের জবাবে মন্ত্রী একথাগুলো বলেন। জনাব গিয়াসউদ্দীন টেস্ট পরীক্ষা না দেয়ার দাবীতে কলেজে সন্ত্রাস ও বোমাবাজীর অভিযোগ করে বলেন যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মত বাংলাদেশের কোনো (৫-এর পর দঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পঃ পর)

শিক্ষামন্ত্রণেই কি শিক্ষার পরিবেশ থাকবে না? সারা দেশের মেধাবী ছাত্রদের স্বীকৃত প্রতিষ্ঠান ঢাকা কলেজও এখন রণক্ষেত্রে পরিণত হয়েছে। এতে দেশের মানস বিচলিত না হয়ে পারে না।

উদ্বেগ প্রকাশ করে জবাবে শিক্ষামন্ত্রী বলেন যে ঢাকা কলেজে বার বার যারা এ ঘটনা ঘটচ্ছে তাদের মধ্যে অধিকাংশই বিহরাগত। রাজনৈতিক স্লেচ্চান দিয়ে পথভ্রষ্ট করার অপপ্রয়াসের শিক্ষার কিছু ছাত্র প্রস্তুতি না থাকায় পরীক্ষা না দিয়ে নৈরাজ্য ও সন্ত্রাসের চেষ্টা করছে।

এ মাসের শেষ দিকে কলেজের স্থাগিত পরীক্ষা অনর্দিত হবে ঞ্চিনয়ে মন্ত্রী বলেন যে শান্তিপূর্ণভাবে পরীক্ষানুষ্ঠানের সকল ব্যবস্থা পরীক্ষার দিন করা হবে।

মন্ত্রীর বক্তব্য পেশের সময় বিরোধী দলের বেশ কিছু সদস্য হি টে করে বাধা প্রদান করেন। বিরোধী দলের নেত্রী শেখ হাসিনা স্পীকারের অনমতি নিয়ে অভিযোগ করেন যে মন্ত্রী সন্ত্রাসের বিবৃতির স্থলে লম্বা রাজনৈতিক বক্তব্য দিয়েছেন। এতে সময় নষ্ট হওয়া ছাড়াও সদস্যদের অধিকার কেও খর্ব করা হয়েছে।